

## আবেদনকারীর / আবেদনকারীনির জন্য কিছু নির্দেশাবলী

তপঃ জাতি / আদিবাসী / অনগ্রসর জাতির জন্য আবেদন পত্রের সঙ্গে নিম্নলিখিত তথ্য / প্রমাণ পত্র (আসল) জমা দিতে হবে ।

- ১) মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে পাসপোর্ট সাইজের দুই প্রস্থ (ব্লকের ক্ষেত্রে তিন প্রস্থ) সদ্য তোলা সাদা কালো ছবি গেজেটেড অফিসার / হাইস্কুলের প্রধান শিক্ষক কর্তৃক প্রত্যায়িত ।
- ২) সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত প্রধান / পৌর সদস্য / পৌরপতি প্রদত্ত জাতিগত, স্থানগত ও অনগ্রসর জাতির ক্ষেত্রে বাৎসরিক আয় সংক্রান্ত আসল শংসাপত্র ।
- ৩) ভারতীয় নাগরিকের প্রমাণ স্বরূপ (ক) ফটো আইডেনটিটি কার্ড (খ) ১৯৫০ সালের পূর্বের দলিল অথবা ঐ ধরনের কোন পত্র যাতে প্রমানিত হয় আবেদনকারী ভারতীয় নাগরিক এবং যারা ১৯৫০ সালের আগে অন্য রাজ্য থেকে এসেছে তার প্রমাণস্বরূপ সঠিক তথ্য বা যারা প্রাক্ ১৯৭১ পূর্ব পাকিস্তান থেকে এসেছে (কেবল তপঃ জাতি / উপজাতির ক্ষেত্রে) তাদের সঠিক তথ্য ।
- ৪) রেশন কার্ডের ফটোকপি ।
- ৫) পিতার কুলের রক্তের সম্পর্কের শংসাপত্র ।
- ৬) জন্মের (নিজ) শংসাপত্র ।
- ৭) বি . এল. এবং এল. আর ও র দেয় শংসাপত্র (কেবল অনগ্রসর জাতির জন্য)
- ৮) জাতিগত প্রমাণপত্র (পিতৃগত বা দলিলগত ) ।
- ৯) পারিবারিক আয়ের ক্ষেত্রে যারা ব্যবসা করেন তাদের গত তিন বছরের ট্যাক্স রিটার্ন (অনগ্রসর জাতির জন্য)
- ১০) পূর্বে পদবী পরিবর্তন হয়ে থাকলে সেই পরিবর্তনের সমকালীন সঠিক দস্তাবেজ ।
- ১১) দেয় ঘোষণাপত্র অনুযায়ী আবেদনকারীর নামের বানান, পিতার নামের বানান, ঠিকানা ইত্যাদি সঠিক ভাবে দিতে হবে যা আবেদনকারীর ঐ শংসাপত্রে লেখা হবে ।
- ১২) যাদের কোন জাতিগত প্রমাণপত্র বা জাতির প্রমানের জন্য কোন দস্তাবেজ নেই তাদের জন্য একটি দেয় নমুনা ঘোষণাপত্র আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে ।